



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও

Phone & Fax: 0561-52064; Mobile: 01715024596; web: tgc.edu.bd; e-mail: thakurgaon\_govt\_college@yahoo.com

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ১৭/০১/২০১৮ খ্রি.

সংশ্লিষ্ট সকলের অবগতি জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ঠাকুরগাঁও সরকারি কলেজে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে বিএ/বিএসএস/বিবিএস/বি.এস-সি কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট হতে On Line আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তির জন্য আবেদনের যোগ্যতা, আবেদন পদ্ধতিসহ অন্যান্য তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো।

### আবেদন ফরম প্রাপ্তি ও জমাদান

- আবেদন ফরম ডাউনলোড : ১৭/০১/১৮ থেকে ০৩/০২/১৮ খ্রি. পর্যন্ত।  
আবেদন ফরম জমাদান : ১৭/০১/১৮ থেকে ০৪/০২/১৮ খ্রি. পর্যন্ত ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সময়ে কলেজের কন্ট্রোল রুমে (পুরাতন শিক্ষক মিলনায়তন) জমা দিতে হবে।

### আবেদনের সাধারণ যোগ্যতা


- ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে সকল শাখায় ২০১৩/২০১৪/২০১৫ সালের এস.এস.সি/সমমান এবং ২০১৫/২০১৬/২০১৭ সালের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC সমমানের কোর্সসমূহ থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- খ) ২০১৩/২০১৪/২০১৫ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৫/২০১৬/২০১৭ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে তবে এ ধরনের প্রার্থীদের ভর্তি নির্দেশিকার অন্যান্য সকল শর্ত পূরণ করতে হবে। এ সকল প্রার্থীকে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়ে সরাসরি যোগাযোগ করে আবেদন পত্র জমা দিতে হবে।
- গ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। এ সকল প্রার্থীকে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়ে সরাসরি যোগাযোগ করে আবেদন পত্র জমা দিতে হবে।
- ঘ) একই শিক্ষাবর্ষে কোন প্রার্থী দ্বৈত ভর্তি হলে তার ভর্তি বাতিল হয়ে যাবে। এছাড়াও স্নাতক পর্যায়ে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

### আবেদনকারীর জন্য করণীয়

- ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website ([www.mu.edu.bd/admissions](http://www.mu.edu.bd/admissions) অথবা [mu.edu.bd/admissions](http://mu.edu.bd/admissions)) এর Degree Pass Tab এর Apply Now অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য হুকে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ড ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। সঠিকভাবে আবেদন ফরম পূরণ ও ডাউনলোড করতে হবে। সেভকৃত ফরমটি কোনো তথ্য পরবর্তীতে সংশোধন বা বাতিল করা যাবে না বিধায় অত্যন্ত সতর্কতার সাথে ফরম পূরণ করতে হবে।
- খ) ডাউনলোডকৃত আবেদন ফরমটি A4 (8.5"×11") সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করে নির্ধারিত স্থানে প্রার্থীকে স্বাক্ষর করতে হবে ও ছবি সংযুক্ত করতে হবে।
- গ) অতঃপর প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা) শিওরক্যাশের মাধ্যমে পরিশোধ করতে হবে। টাকা জমা দেওয়ার পর Transaction ID আবেদন ফরমের উপর লিখতে হবে। শিওরক্যাশে ফি পরিশোধের Keyword = TGCNU
- ঘ) পূরণকৃত আবেদন ফরম উপরে বর্ণিত সময়সীমার মধ্যে কন্ট্রোলরুমে জমা দিয়ে এডমিট কার্ড সংগ্রহ করতে হবে।
- ক্লাস শুরুর তারিখ: ২০ ফেব্রুয়ারী ২০১৮।


দৃষ্টব্য চূড়ান্ত ভর্তির সময়সূচি, ভর্তি ফি ও অন্যান্য তথ্যাবলী পরবর্তী সময়ে কলেজের ওয়েবসাইট ([www.tgc.edu.bd](http://www.tgc.edu.bd)) নোটিশের মাধ্যমে জানানো হবে।

প্রতিস্বাক্ষর

  
(প্রফেসর ড. মো. গোলাম কিবরিয়া মন্ডল)

অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

  
আহবায়ক

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) ভর্তি কমিটি

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।